



বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

6 February 2024
West Bengal News

<p>1200 নয়া পদ, জলজীবন মিশনে গতি</p>	<p>প্রসঙ্গ: বিভিন্ন দফতরে প্রায় 1200টি নতুন পদ সৃষ্টির প্রস্তাবে অনুমোদন দিল রাজ্য মন্ত্রিসভা।</p> <p>গুরুত্বপূর্ণ দিক:</p> <ul style="list-style-type: none">রাজ্য মন্ত্রিসভার বৈঠকে জলজীবন মিশনের গতি আরও বাড়াতে উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।এই বৈঠকে স্বাস্থ্য, স্বরাষ্ট্র, খাদ্য এবং পুর বিষয়ক দফতর মিলিয়ে প্রায় 1200টি নতুন পদ সৃষ্টির প্রস্তাব গৃহীত হয়েছে।সবচেয়ে বেশি সংখ্যক পদ থাকবে স্বাস্থ্য দফতরের অধীনে।জলজীবন মিশনের কাজের গতি আরও বাড়াতে রাজ্যের মুখ্যসচিব ভগবতী প্রসাদ গোপালিকার নেতৃত্বে কমিটি গঠন করা হয়েছে।
<p>সুন্দরবনে পাওয়া গেছে কুশাণ ও গুপ্ত যুগের জিনিস</p>	<p>প্রসঙ্গ: সুন্দরবনে কৃষিকাজের জন্য মাটি খুঁড়তে গিয়ে বেশ কিছু প্রত্নতাত্ত্বিক দ্রব্য পাওয়া গেছে।</p> <p>গুরুত্বপূর্ণ দিক:</p> <ul style="list-style-type: none">জয়নগরের জাঙ্গালিয়া পঞ্চায়েতের নমাজগড় এলাকায় সম্প্রতি মাটি খুঁড়ে মাথার খুলি, টেরাকোটার জিনিসপত্র, পাথরের টুকরো ইত্যাদি পাওয়া গিয়েছে।প্রত্নতাত্ত্বিক গবেষকদের অনুমান, এই সমস্ত জিনিসপত্র প্রায় এক হাজার বছরেরও প্রাচীন। <p>সম্পর্কিত: শুঙ্গ ও কুশাণ যুগে দক্ষিণ 24 পরগনার আদিগঙ্গাকে কেন্দ্র করে জলপথে ব্যাপক ব্যবসা-বাণিজ্যের চলত। গবেষকদের একাংশ মনে করছেন, ওই এলাকায় আদিগঙ্গার ঘাট ছিল এবং সেই সূত্রেই এই সব জিনিসপত্র পাওয়া যেতে পারে।</p>



বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

কলকাতা থেকে বাংলাদেশ যাওয়ার জন্য স্বল্প ভাড়ায় 3টি
নতুন বাস



প্রসঙ্গ:

ভারতের সঙ্গে যোগাযোগ আরও বৃদ্ধি করতে তিনটি আন্তর্জাতিক রুটে বাস চালাতে চলেছে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (BRTC)। এর ফলে বাসে করে সহজেই শিলিগুড়ি-কলকাতা যাওয়ার নতুন রুট শুরু হতে চলেছে।

গুরুত্বপূর্ণ দিক:

- বর্তমানে বাংলাদেশ থেকে পাঁচটি আন্তর্জাতিক রুটে বাসের পাশাপাশি নতুন আরও তিনটি আন্তর্জাতিক রুটে বাস পরিচালনার সিদ্ধান্ত নিয়েছে বিআরটিসি (BRTC)।
- এটির অংশ হিসেবে বাংলাদেশের বিভিন্ন জায়গা থেকে ভারতের দুটি রাজ্যে যাত্রী পরিবহন করবে বিআরটিসির লাল-সবুজ বাস।
- বিআরটিসির চেয়ারম্যান মোহাম্মদ তাজুল ইসলাম জানান, ঢাকা-শিলিগুড়ি-ঢাকা, ঢাকা-চট্টগ্রাম-ঢাকা- কলকাতা এবং কক্সবাজার-চট্টগ্রাম-আগরতলা- এই 3টি রুটে খুব তাড়াতাড়ি বাস পরিষেবা চালু করবে বিআরটিসি।

কলকাতা পুলিশের উদ্যোগে 'স্মার্ট কার্ড' এবার 'প্রণাম'
সদস্যদের

প্রসঙ্গ:

একাকী ব্যক্তিদের পাশে থাকার জন্য কলকাতা পুলিশের তরফ থেকে শুরু হয়েছিল 'প্রণাম' কর্মসূচি। তবে বর্তমানে তাঁদের নিরাপত্তারজনিত সমস্যার সমাধানে লালবাজারের তরফে প্রণামের সদস্যরা পেতে চলেছেন একটি করে স্মার্ট কার্ড।

গুরুত্বপূর্ণ দিক:

- একাকী ব্যক্তিদের পাশে থাকার উদ্দেশ্যে শুরু হয়েছিল কলকাতা পুলিশের কর্মসূচি 'প্রণাম'।
- প্রণামের প্রবীণ সদস্যরা পেতে চলেছেন স্মার্ট কার্ড।
- নগরপাল বিনীত গোয়েল স্মার্ট কার্ডের সুবিধার বিষয়টি ঘোষণা করেন।
- এই কার্ড থাকলে প্রণামের প্রবীণ সদস্যরা বেসরকারি হাসপাতালে চিকিৎসায় অগ্রাধিকার পাবেন।
- এছাড়াও, মেডিসিন চেনে এই সুবিধা পাওয়া যাবে।

Copyright © by Adda247

All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.